বিদ্যুৎ ও জ্বালানি
নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(বিসিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।
রিক্রুটমেন্ট, ট্রেনিং, ছুটি ও রিটায়ারমেন্ট শাখা

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত ‘নৈতিকতা কমিটি’-এর চতুর্থ প্রান্তিকের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সাইফুল ইসলাম সরকার<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি |
| সভার তারিখ | ২৬ এপ্রিল ২০২৩ |
| সভার সময় | দুপুর ১২:০০ টা |
| স্থান | কোম্পানির প্রধান কার্যালয়ের বোর্ড রুম |
| উপস্থিতি | পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

**২.০। আলোচনা:**

২.১। সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর নির্দেশনা অনুযায়ী বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি ২০২৩ - মার্চ ২০২৩) বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ এবং কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২.২। অতঃপর সভায় বিসিএমসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল ২০২৩ - জুন ২০২৩) লক্ষ্যমাত্রাসমূহ সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করা হয়। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রাসমূহ নিম্নরূপ:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা……………………………………………** | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | আহ্বায়ক, নৈতিকতা কমিটি | ৪ | ১ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক | ১০০ | ১০০ |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণেসভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | ২য় কোয়ার্টার: মহাব্যবস্থাপক (প্রশাসন) ৪র্থ কোয়ার্টার: মহাব্যবস্থাপক (মাইন অপারেশন) | ৪ | ১ |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন ১.৫.১ অকেজো যানবাহন নিলামে বিক্রয়ের উদ্যোগ গ্রহণ | উন্নত কর্ম-পরিবেশ নিলাম আহ্বানের উদ্যোগ গৃহীত | ১.৫ | তারিখ | উপ-মহাব্যবস্থাপক (স্টোর) | ৩০.০৬.২৩ | ৩০.০৬.২৩ |
| ১.৫.২ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি | পরিষ্কার-পরিচ্ছন্ন অফিস | ১.৫ | তারিখ | মহাব্যবস্থাপক (প্রশাসন) | ৩০.০৬.২৩ | ৩০.০৬.২৩ |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম……………..** | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ৮ | % | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক | ৬০ | ৬০ |
| ৩.৩ উপযাত দ্রব্য হিসেবে প্রাপ্ত সেডিমেন্টেড কোলের ষান্মাসিক ইনভেন্টরি নিশ্চিতকরণ | ইনভেন্টরী নিশ্চিতকৃত | ৮ | তারিখ | মহাব্যবস্থাপক (মাইন অপারেশন) | ৩১.১২.২২ ৩০.০৬.২৩ | ৩০.০৬.২৩ |
| ৩.৪ বিলের অর্থ (২৫ লক্ষ টাকার নিচের) সরাসরি ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ | বিলের অর্থ সরাসরি ব্যাংক একাউন্টে প্রেরিত | ৮ | % | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) এবং সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক | ৪০ | ৪০ |

২.৩। সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে কমপক্ষে ৪টি সভা আয়োজন করার নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী ইতোমধ্যে ৩টি সভার আয়োজন করা হয়েছে। অপর একটি সভা ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল ২০২৩ - জুন ২০২৩) মধ্যে আয়োজন করতে হবে।

২.৪। কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ১.৫.১ অনুযায়ী অকেজো যানবাহন নিলামে বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং ক্রমিক ১.৫.২ অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে। সভায় অবহিত করা হয় যে, বর্ণিত কার্যক্রম ২টি চলমান আছে এবং নির্ধারিত সময়ের মধ্যে

সম্পন্ন হবে।

২.৫। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ৩.১ অনুযায়ী সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত ৬০% সংরক্ষণ করা এবং ক্রমিক ৩.৪ অনুযায়ী ৪০% বিলের অর্থ (২৫ লক্ষ টাকার নিচের) সরাসরি ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয়তার প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়। সেবা প্রদান সংক্রান্ত রেজিস্টারে সকল সেবা গ্রহীতার মতামত লিপিবদ্ধ করার বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন বলে সভা একমত পোষণ করে।

২.৬। সভায় উল্লেখ করা হয় যে, বিসিএমসিএল-এর কর্মকর্তা-কর্মচারীদেরকে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদান কল্পে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ নীতিমালা অনুযায়ী গত ০৯ মার্চ ২০২৩ তারিখে বাছাই কমিটি পুনর্গঠন করা হয়েছে। উক্ত কমিটি শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য উপযুক্ত কর্মচারী নির্বাচন করবে। আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে সভা একমত পোষণ করে।

২.৭। সভায় উল্লেখ করা হয় যে, নির্ধারিত সময়ে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণের অফিসে আগমনের বিষয়টি নিশ্চিতকল্পে কোম্পানির শিল্প এলাকার প্রবেশ ফটকে স্থাপিত বায়োমেট্রিক এক্সেস কন্ট্রোল মেশিনটি বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী গত ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে চালু করা হয়। বিষয়টি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানির প্রশাসনিক ভবনে ০১টি ও ট্রেনিং সেন্টার ভবনে ০১টি উন্নতমানের বায়োমেট্রিক হাজিরা মেশিন বা স্মার্ট এ্যাটেডেন্স মেশিন স্থাপন করা প্রয়োজন বলে সভা একমত পোষণ করে।

**৩.০। সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে ১টি সভা ৪র্থ কোয়ার্টারে আয়োজন করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (মাইন অপারেশন), বিসিএমসিএল।

৩.২। বিসিএমসিএল-এর কর্মকর্তা-কর্মচারীগণকে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে “শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১” অনুসরণে আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৩.৩। নির্ধারিত সময়ে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণের অফিসে আগমনের বিষয়টি নিশ্চিতকল্পে কোম্পানির প্রশাসনিক ভবনে ০১টি ও ট্রেনিং সেন্টার ভবনে ০১টি উন্নতমানের বায়োমেট্রিক হাজিরা মেশিন বা স্মার্ট এ্যাটেডেন্স মেশিন স্থাপন করতে হবে।

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (মার্কেটিং), বিসিএমসিএল।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সাইফুল ইসলাম সরকার
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি

স্মারক নম্বর: ২৮.১২.০০০০.২২১.৮৪.০০১.২২.৭৭

তারিখ: ২০ বৈশাখ ১৪৩০
০৩ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক, প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সারফেস অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৩) মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৪) মহাব্যবস্থাপক, কোম্পানি সচিবালয় বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৫) মহাব্যবস্থাপক , প্রশাসন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৬) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মাইন অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৭) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মার্কেটিং বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৮) উপ-মহাব্যবস্থাপক, অডিট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৯) ব্যবস্থাপক, আইসিটি এন্ড টেলিকমিউনিকেশন শাখা, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

১০) ব্যবস্থাপক, ঢাকা লিয়াঁজো অফিস, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

মোঃ জাহিদ আনোয়ার
ব্যবস্থাপক (আর.টি.এল.আর) এবং সদস্য-
সচিব ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি